

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
৩২৭

নং-টিভি-২৩২৩/ ১২৫৪

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

অফিস আদেশ

বাংলাদেশ টেলিভিশন ঝিনাইদহ উপকেন্দ্রের সিনিয়র টিভি টেকনিশিয়ান জনাব মোঃ ইসমাইল হোসেন-এর জন্ম তারিখ ১৬.০৪.১৯৬৭ খ্রিষ্টাব্দ হিসেবে ১৫.০৪.২০২৬ খ্রিষ্টাব্দে তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হয়েছে। সরকারী চাকুরি আইন ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক), জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ অনুচ্ছেদ এবং অর্থ মন্ত্রণালয়ের ০৬.০৪.২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চা:বি:-৩/২০১০(অংশ)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক তাঁকে ১৫.০৪.২০২৬ খ্রিষ্টাব্দ চাকুরি হতে অবসর প্রদানপূর্বক ১৬.০৪.২০২৬ থেকে ১৫.০৪.২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত ১২ (বারো) মাস পূর্ণগড় বেতনে অবসরোত্তর ছুটি মঞ্জুর করা হলো।

০২। জনাব মোঃ ইসমাইল হোসেন-এর সার্ভিস বুক লিপিবদ্ধ ছুটির হিসাব অনুযায়ী পূর্ণগড় বেতনে ০১ বছর ০৪ মাস ০৯ দিন এবং অর্ধগড় বেতনে ০২ বছর ২৪ দিন অর্জিত ছুটি পাওনা আছে। অর্ধগড় বেতনে ০২ বছর ২৪ দিনের ছুটিকে পূর্ণগড় বেতনে রূপান্তর করে মোট ছুটি পাওনা হয় ০১ বছর ১২ দিন। সর্বমোট পাওনা ছুটির পরিমাণ (০১ বছর ০৪ মাস ০৯ দিন+ ০১ বছর ১২ দিন)=০২ বছর ০৪ মাস ২১ দিন। উক্ত পাওনা ছুটির থেকে অবসরোত্তর ছুটি ১২ (বারো) মাস বাদ দিয়ে নগদায়নের জন্য তার পূর্ণগড় বেতনে ০১ বছর ০৪ মাস ২১ দিন (পূর্ণগড় বেতনে ১৬ মাস ২১ দিন) ছুটি রয়েছে।

০৩। সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ছুটিতে যাওয়ার অব্যবহিত পূর্বের তারিখে অর্থাৎ ১৫.০৪.২০২৬ তারিখে তার মূল বেতন ৮,৩১,৭৮০/- (একত্রিশ হাজার সাতশত আশি টাকা) হিসেবে তার ১৬ (ষোলো) মাস ২১ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৩১,৭৮০×১৬+২১)=৫,০৮,৪৮০+২২,২৪৫=৫,৩০,৭২৫/- (পাঁচ লক্ষ ত্রিশ হাজার সাতশত পঁচিশ) টাকা মাত্র।

০৪। সরকারী কর্মচারী আইন ২০১৮ এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী সিনিয়র টিভি টেকনিশিয়ান জনাব মোঃ ইসমাইল হোসেন-এর অবসরোত্তর ছুটি ও প্রাপ্যতা অনুযায়ী এককালীন মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

স্বাঃ/-

মোঃ মাহবুবুল আলম

মহাপরিচালক

ফোন: ৫৫১৩২২২২ (অফিস)

Email: dg@btv.gov.bd

নং-টিভি-২৩২৩/ ১২৫৪ (১/৯)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। পরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝিনাইদহ।

০৪। উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ টেলিভিশন, ঝিনাইদহ উপকেন্দ্র।

০৫। জনাব মোঃ ইসমাইল হোসেন, সিনিয়র টিভি টেকনিশিয়ান, বিটিভি, ঝিনাইদহ উপকেন্দ্র, ঝিনাইদহ।

০৬। কার্যালয় নথি।

সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/>	প্রয়োজনীয়
প্রোগ্রামার-১	<input type="checkbox"/>	ব্যবস্থা নিন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/>	উপস্থাপন করুন
রক্ষণাবেক্ষণ	<input type="checkbox"/>	নিয়মিত বসুন
প্রকৌশলী	<input type="checkbox"/>	জরুরি দিন
সহঃ প্রোগ্রামার	<input type="checkbox"/>	
সহঃ রক্ষণাবেক্ষণ	<input type="checkbox"/>	
প্রকৌশলী	<input type="checkbox"/>	
পিএ	<input type="checkbox"/>	

২০.০৫.২০২৬

(মোঃ নাজিম উদ্দিন)

সহকারী পরিচালক (প্রশাসন)